### বাংলাদেশ দূতাবাস
### এথেন্স, গ্রীস

## প্রেস রিলিজঃ

## ''থাকব ভালো, রাখব ভালো দেশ; বৈধপথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ''- এই প্রতিপাদ্য সামনে রেখে গ্রীসে আন্তর্জাতিক অভিবাসী দিবস উদ্‌যাপন

গ্রীসের এথেন্সে বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে "থাকব ভালো, রাখব ভালো দেশ; বৈধপথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ'' এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ ১৮ই ডিসেম্বর পালন করা হলো আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২২। গ্রীস প্রবাসী সর্বস্তরের প্রবাসীরা এ বছর দূতাবাস প্রাঙ্গণে আন্তর্জাতিক অভিবাসী দিবসের অনুষ্ঠানে উপস্থিত হন। বাংলাদেশ দূতাবাস এথেন্স আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২২ উপলক্ষ্যে আগামী ১৮-২৩ ডিসেম্বর ২০২২ তারিখে "অভিবাসী সপ্তাহ ২০২২" ঘোষণা করে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। এ উপলক্ষ্যে সপ্তাহব্যাপী অভিবাসন সংক্রান্ত বিভিন্ন সেবা ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়া, দেশে বৈধপথে রেমিট্যান্স পাঠানোর উপর গুরুত্ব আরোপ করে বিভিন্ন ধরনের প্রচারাভিযান ও সহায়তা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। দিবসটি উপলক্ষ্যে আলোচনায় শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত ও পবিত্র গীতা পাঠের মাধ্যমে দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব আসুদ আহ্‌মদ এর সভাপতিত্বে অনুষ্ঠান শুরু হয়। আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২২ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের প্রদত্ত বাণী পাঠ করে শোনানো হয়। দিবসটি উপলক্ষ্যে বৈধপথে বাংলাদেশে নিয়মিত রেমিট্যান্স প্রেরণ ও রেমিট্যান্স প্রেরণে সহায়তা করার স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার ২০২২ হিসেবে প্রবাসীদের হাতে সম্মাননা স্মারক ও সম্মাননা পত্র তুলে দেন মান্যবর রাষ্ট্রদূত জনাব আসুদ আহ্‌মদ।

অনাড়ম্বরপূর্ণ পরিবেশে সকাল ১০:০০ টায় দূতাবাসের প্রথম সচিব (শ্রম) জনাব বিশ্বজিত কুমার পালের সঞ্চালনায় দূতাবাস প্রাঙ্গণে আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২২ এর অনুষ্ঠানটি শুরু হয়। এ সময় উপস্থিত ছিলেন দূতাবাসের মিনিস্টার জনাব মোঃ খালেদ ও দূতাবাসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ। আলোচনার শুরুতে দূতাবাসের প্রথম সচিব (শ্রম) জনাব বিশ্বজিত কুমার পাল দূতাবাস ও বাংলাদেশ সরকার কর্তৃক প্রবাসীদের জন্য গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সবাইকে অবহিত করেন। তিনি প্রবাসী কল্যাণ বোর্ডের কার্যক্রম ও প্রবাসী কল্যাণ বোর্ডের সদস্য অর্ন্তভূক্তির উপকারীতা ও এর ভবিষ্যত গুরুত্বের উপর বিশেষভাবে বক্তব্য রাখেন। আলোচনায় অংশ নেন প্রবাসী বাংলাদেশীদের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, নারী নেতৃবৃন্দ এবং বাংলাদেশ কমিউনিটি ইন গ্রীসের নেতৃবৃন্দসহ গ্রীসের বিভিন্ন শহর এবং দ্বীপাঞ্চলে বসবাসরত প্রবাসী বাংলাদেশীরা। প্রবাসী বক্তাগণ আন্তর্জাতিক অভিবাসী দিবসের প্রতিপাদ্য ও চেতনাকে সামনে নিয়ে বাংলাদেশের উন্নয়ন অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। আলোচনায় গত ০৯ ফেব্রুয়ারী, ২০২২ খ্রি. তারিখ অভিবাসন বিষয়ে বাংলাদেশ ও গ্রীসের মধ্যে স্বাক্ষরিত দ্বীপাক্ষিক সমঝোতা স্মারক এর

তাৎপর্য তুলে ধরা হয় এবং গ্রীসে বসবাসরত সকল আনডকুমেন্টেড প্রবাসী বাংলাদেশীদের লিগালাইজেশন প্রক্রিয়ার উপর বাংলাদেশ সরকার ও গ্রীক সরকারের গৃহীত পদক্ষেপ তুলে ধরেন, সেই সাথে গ্রীসের শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রতি বছর বৈধপথে ৪০০০ শ্রমিক বাংলাদেশ থেকে আসার সুযোগ সৃষ্টির বিষয়টি উপস্থাপন করেন। আগামী জানুয়ারী/২০২৩ হতে উক্ত লিগালাইজেশন এর প্রক্রিয়া শুরু হবে মর্মে গ্রীক সরকারের পক্ষ থেকে জানা গেছে মর্মে জানানো হয়। এক্ষেত্রে কোনো বাংলাদেশী নাগরিক অতি উৎসাহী হয়ে, কোনোভাবে কোনো দালাল বা প্রতারক দ্বারা প্রতারিত না হোন এবং বিভ্রান্তিমূলক প্রচারনা ও প্রতারক চক্রের প্ররোচনার বিষয়ে সতর্ক থাকার জন্য দূতাবাসের পক্ষ থেকে সকলকে অনুরোধ করা হয় ও দূতাবাস থেকে নিয়মিত হালনাগাদ তথ্য দেয়া হবে মর্মে জানানো হয়। উপস্থিত বাংলাদেশ কমিউনিটি ইন গ্রীসের সভাপতি জনাব হাজী আব্দুল কুদ্দুস তাঁর বক্তব্যে, প্রবাসীদের সন্তানদের বাংলাদেশ সরকারের কোটা সুবিধার আওতায় এনে চাকুরী ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়ার বিষয়ে দাবী উপস্থাপন করেন এবং দেশ ও জাতির কল্যাণে সরকারের নানামূখী কার্যক্রমে অংশগ্রহণ এবং অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মানে অবদান রাখারও প্রত্যয় ব্যক্ত করেন। বক্তাগণ এই অনুষ্ঠানের আয়োজন করার জন্য দূতাবাসকে ধন্যবাদ জানান।

মান্যবর রাষ্ট্রদূত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদৃঢ় নেতৃত্ব এবং মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের কথা স্মরণ করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ আমরা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মানে এগিয়ে যাচ্ছি। এ বিষয়ে তিনি বলেন বাংলাদেশ সরকার অবৈধ অভিবাসন কখনো চায় না, দালাল চক্রের মাধ্যমে অবৈধ উপায়ে গ্রীসে কোন বাংলাদেশী প্রবেশ করুক তা বাংলাদেশ সরকার চায়না। তিনি প্রবাসী বাংলাদেশীদের মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১-এর লক্ষ্য অর্জনের জন্য কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার আহ্বান জানান। এছাড়া তিনি জাতির পিতার জন্ম শতবার্ষিকীতে দূতাবাসের গৃহিত সকল কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশ নেওয়ার জন্য প্রবাসীদের ধন্যবাদ জানান। এসময় তিনি বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী বাংলাদেশীদের অনন্য অবদান এবং বাংলাদেশের কৃষ্টি-সংস্কৃতি, ঐতিহ্য বিদেশের মাটিতে তুলে ধরার জন্য তাদের প্রশংসা করেন এবং তাদের উত্তরোত্তর সাফল্য, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য কামনা করেন।

গ্রীস থেকে দেশে বৈধপথে রেমিটেন্স প্রেরনে বর্তমানে ১৯তম অবস্থানে রয়েছে, প্রতি বছর গ্রীস থেকে প্রায় ১০০ মিলিয়ন ইউএস ডলার রেমিট্যান্স বাংলাদেশে যায়, যার পরিমান সমগ্র ইউরোপের মধ্যে চতুর্থ। একারনে আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২২ উপলক্ষে দূতাবাস বৈধপথে বাংলাদেশে রেমিটেন্স প্রেরনে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ৩ টি পর্যায়ে (২টি প্রতিষ্ঠান, ৪ জন পুরুষ ও ১ জন নারী) মোট ৭ টি আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার ২০২২-এ সর্বোচ্চ রেমিট্যান্স প্রদানকারী ও রেমিটেন্স প্রেরনে সহায়তাকারী বিবেচনায় সম্মাননার জন্য মনোনীত করা হয় এবং তাদের আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২২-এর অনুষ্ঠানে দূতাবাস কর্তৃক সম্মাননা স্মারক ও সম্মাননা পত্র প্রদান করা হয়। সম্মাননাপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলো হচ্ছে- প্রাতিষ্ঠানিক পর্যায়ে : এন, বি, এল মানি ট্রান্সফার এজেন্সি ও ইসলাম মফিদুল এজেন্সী। ব্যক্তি পর্যায়ে (নারী): মানসুরা আক্তার এবং ব্যক্তি পর্যায়ে (পুরুষ): মো: সাইদুর রহমান, মো: আব্দুল্লাহ আল-মামুন ও  মোঃ আলামিন মিয়া। সম্মাননা স্মারক ও সম্মাননা পত্র প্রাপ্তরা দূতাবাসকে তাদের কাজের স্বীকৃতি স্বরুপ এ সম্মাননা প্রদানের জন্য ধন্যবাদ জানান।

EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH ATHENS

এথেন্স, ১৮ই ডিসেম্বর ২০২২